স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ৭৭৬.১৪.৬২৭ তারিখঃ ২৬/০৪/২০১৮ খ্রিঃ

## অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে কর্মরত প্রকল্পের মাঠ সংগঠকদের প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা না করা এবং প্রকল্পের যাবতীয় তথ্য যথাসময়ে এআরডিও ও ইউআরডিও'র নিকট উপস্থাপিত না হওয়ায় প্রকল্প কার্যক্রমের তদারকি ব্যাহত হয়; যার ফলশ্রুতিতে ঋণ তহবিলের যথাযথ ব্যবহার নিশ্চিত না হওয়াসহ বিতরনকৃত ঋণের কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাই বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করে নিম্নোক্ত উপজেলাসমূহে প্রকল্পের হিসাব সহকারীদের বেতন ভাতার আংশিক স্থগিত করা হলো।

### হিসাব সহকারী

| ক্র.নং. | নাম | কর্মস্থল | | বেতন ভাতা স্থগিতের হার (%) |
|---|---|---|---|---|
| | | উপজেলা | জেলা | |
| ১ | রাজু আহমেদ | ডুমুরিয়া | খুলনা | ১০% |
| ২ | মোঃ কাঞ্চন মিয়া | আগৈলঝারা | বরিশাল | ১০% |
| ৩ | নওরোজ হোসেন | চুয়াডাঙ্গা সদর | চুয়াডাঙ্গা | ১০% |
| ৪ | মোঃ নজরুল ইসলাম | দশমিনা | পটুয়াখালী | ১০% |
| ৫ | মোঃ কামাল হোসেন | মির্জাগঞ্জ | | ১০% |
| ৬ | মোঃ শরীফুদ্দিন | দুমকি | | ১০% |
| ৭ | মোঃ আকরামুল ইসলাম | কলাপাড়া | | ১০% |
| ৮ | নিশীথ মন্ডল | মঠবাড়ীয়া | পিরোজপুর | ১০% |
| ৯ | আব্দুল হাই | নাজিরপুর | | ১০% |
| ১০ | মোঃ মোশাররফ হোসেন | বোরহান উদ্দিন | ভোলা | ১০% |
| ১১ | মোঃ সোহেল রানা | চরফ্যাশন | | ১০% |
| ১২ | মোঃ আব্দুল হামিদ | বামনা | বরগুণা | ১০% |
| ১৩ | মোঃ জহিরুল ইসলাম | আমতলী | | ১০% |

২। বর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণের সাকূল্য বেতন হতে বর্তমানে স্থগিতকৃত বেতন সফটওয়্যারে Postponed Salary Payable (891) কোডে জমা রাখতে হবে।

৩। যে সকল কর্মকর্তা-কর্মচারির বেতন ভাতার স্থগিতাদেশ প্রত্যাহার বা হ্রাস বা নতুন করে স্থগিত করা হয়েছে তাদের স্থগিতকৃত বেতন ভাতা জামানত হিসেবে প্রকল্প মেয়াদ পর্যন্ত সংরক্ষিত থাকবে, যা প্রকল্প মেয়াদ শেষে ফেরতযোগ্য হবে। তবে শর্ত থাকে যে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে চূড়ান্তভাবে অব্যহতিগ্রহণকালে কর্মকর্তা-কর্মচারীগণের ঋণ বিতরণে অনিয়মের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী / আত্মসাৎ হওয়ার বিষয়টি প্রমাণিত হলে অথবা অন্য কোন দায় দেনা উৎঘাটিত হলে তাদের জামানতকৃত অর্থ থেকে মেয়াদোত্তীর্ণ খেলাপী/দায়দেনার বিপরীতে সমন্বয় করা হবে ।

৪। এছাড়া প্রকল্প দপ্তরের অনুমোদন ব্যতীত স্থগিতকৃত বেতনভাতা যা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে তা কোনক্রমেই উপজেলা বা জেলা দপ্তর প্রদান করতে পারবে না । এ নির্দেশনার ব্যতয় হলে আয়ন- ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

প্রকল্পের স্বার্থে মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে জারিকৃত এ আদেশ পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে। উল্লেখ্য এ আদেশ ০১ এপ্রিল'২০১৮ হতে কার্যকর বলে গণ্য হবে।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ৭৭৬.১৪.৩২৭ তারিখঃ ২৬/০৪/২০১৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ--------------------------- । (প্রকল্পভূক্ত সকল জেলা)
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ -----------------------জেলাঃ --------------------- ।(প্রকল্পভূক্ত সকল উপজেলা )
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -------------জেলাঃ ----------- ।(প্রকল্পভূক্ত সকল উপজেলা )
৪. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -------------------জেলাঃ ------------------ ।(প্রকল্পভূক্ত সকল উপজেলা )
৫. মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----------------------জেলাঃ ------------------ ।(প্রকল্পভূক্ত সকল উপজেলা )
৬. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. পরিচালক (প্রশাসন/সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন ঃ ৮১৮০১৪৩